

# শৌচালয়ের জন্য আবেদন করতে এবার পঞ্চায়েত দপ্তরের পোর্টাল

সংবাদদাতা, উলুবেড়িয়া: সরকারি প্রকল্পে শৌচালয় তৈরি করতে চান? এবার আর আপনাকে পঞ্চায়েতে ছুটতে হবে না, বা পঞ্চায়েত সদস্যের কাছে আবেদনও করতে হবে না। আপনি আপনার প্রয়োজন সরাসরি প্রশাসনকে জানতে পারবেন। এজন্য রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর মাসখানেক আগে একটি পোর্টাল চালু করেছে। সেখানেই শৌচালয়ের জন্য আবেদন জানাতে হবে। এরপর ব্লক প্রশাসন সেই আবেদন খতিয়ে দেখবে। যদি দেখা যায়, আবেদনকারী শৌচালয় পাওয়ার যোগ্য, তাহলে তিনি অবশ্যই শৌচালয় পাবেন।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, মাস চারেক আগে এই পোর্টাল চালু হয়েছে। এক ক্ষেত্রে একজন আবেদনকারী যে কোন সাইবার কাফেতে বা বাংলা সহায়তা কেন্দ্রে গিয়ে ওই পোর্টালে নিজের নাম নথিভুক্ত করতে পারবেন। তারপর প্রশাসন সেই আবেদন খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। হাওড়া জেলা প্রশাসনের কর্তাদের বক্তব্য, এর ফলে মানুষ সহজেই এই পরিষেবা পেতে পারবে। কবে পঞ্চায়েত সদস্য তাদের নাম পাঠাবে, তার অপেক্ষায় আর বসে থাকতে হবে না। এর ফলে একদিকে যেমন দুর্নীতি কমবে, অন্যদিকে সরকারি প্রকল্পের অপব্যবহারও রোধ করা যাবে। অনেক সময় দেখা গিয়েছে, প্রয়োজন না থাকা সত্ত্বেও অনেকেই শৌচালয় পেয়ে গিয়েছেন। কিন্তু এখন আর তা হবে না। এক্ষেত্রে সত্যিই যাঁদের প্রয়োজন, তাঁরাই শৌচালয় পাবেন। জেলা প্রশাসন সূত্রে খবর, ইতিমধ্যে এই পোর্টালের মাধ্যমে আবেদন আসা শুরু হয়েছে। সেইসব আবেদন ব্লক প্রশাসনের কাছে পাঠিয়েও দেওয়া হচ্ছে। ব্লক প্রশাসনের পক্ষ থেকে তা গ্রাম পঞ্চায়েতকে জানিয়ে দেওয়া হচ্ছে। এরপর আবেদন খতিয়ে দেখে যোগ্যরা যাতে শৌচালয় পান, সেই ব্যবস্থা করা হবে।